14 এপ্রিল 2020 তারিখ সকাল 9 টায় এই তথ্যপত্রটি সর্বশেষ হালনাগাদ করা হয়েছে

করোনাভাইরাস (কভিড-19) - শিশু, কিশোর-তরুণ এবং পরিবারগুলোর জন্যে নন্-ইন্ভেইসিভ অথবা ট্রাকিওস্টমী ভেন্টিল্যাশন (Non-invasive or Tracheostomy Ventilation) টীমের তরফ হতে তথ্যাবলী

আমরা বুঝি যে, আপনি হয়তো করোনাভাইরাস - যা কভিড-১৯ (COVID-19) নামেও পরিচিত - সম্পর্কে দুশ্চিন্তিত, বিশেষ করে যদি আপনার সন্তান মাস্ক (মুখোশ) অথবা ট্রাকিওস্টমীনির্ভর বাতায়িত (ভেন্টিল্যাশন) শ্বাসপ্রশ্বাসের উপর ভরসা করে থাকে। আমাদের সেবা ব্যবহারকারী শিশু, কিশোর-তরুণ, মাতাপিতা এবং কেয়ারারদের জন্যে আমাদের উপদেশ কি এসব তথ্য গ্রেইট ওরমন্ড স্ট্রীট হাসপাতাল (GOSH) এর নন্-ইন্ভেইসিভ অথবা ট্রাকিওস্টমী ভেন্টিল্যাশন টীমের তরফ হতে প্রকাশিত এই তথ্যপত্রটিতে তুলে ধরা হয়েছে। অনুগ্রহ করে gosh.nhs.uk/covid-19-FAQ-তে যেয়ে পরিবারদের জন্যে আমাদের সাধারণ 'প্রায়শঃই জিজ্ঞাসা করা হয় এরূপ প্রশ্নাবলী' তথ্যাবলীর পাশাপাশি এই তথ্যগুলো পড়ুন। gosh.nhs.uk/coronavirus-hub-এ আমাদের কভিড-১৯ (COVID-19) তথ্য হাবেও আপনি সর্বশেষ খবর, তথ্যাবলী এবং উপকরণ/সামগ্রী পাবেন।

কভিড-১৯ (COVID-19) বাচ্চাদেরকে আক্রমণ করে কী?

এই পর্যন্ত প্রাপ্ত প্রমাণ দেখায় যে, যদিও বাচ্চারা কভিড-১৯ (COVID-19) দ্বারা আক্রান্ত হয়, তথাপি খুব অল্পসংখ্যক বাচ্চাদের মাঝে কভিড-১৯ দ্বারা গুরুতর সংক্রমণ ঘটে।

এই ভাইরাসে আক্রান্ত অধিকাংশ শিশু হালকা থেকে মাঝারি ধরনের শ্বাসপ্রশ্বাসজনিত অসুস্থতায় ভুগবে এবং কোন বিশেষজ্ঞ চিকিৎসা ছাড়াই আরোগ্য লাভ করবে। কিন্তু যাদের আগে থেকেই স্বাস্থ্যগত দীর্ঘমেয়াদি জটিলতা রয়েছে, যেমন দীর্ঘমেয়াদি শ্বাসপ্রশ্বাসজনিত রোগ, তাহলে তাদের মাঝে গুরুতর উপসর্গ (রোগলক্ষণ) দেখা দিবে সে সম্ভাবনাই বেশি।

দীর্ঘমেয়াদি ভেন্টিল্যাটর সাহায্যাধীন প্রাপ্তবয়স্ক ব্যক্তি, কিশোর-তরুণ এবং শিশুদের ক্ষেত্রে, আমরা নিম্নে তালিকাভুক্ত গ্রুপগুলোর কথা বলবো যারা কভিড-১৯ সহ শ্বাসপ্রশ্বাসজনিত সংক্রমণের দ্বারা অসুস্থ হওয়ার জন্যে অধিকতর ভঙ্গুর তথা সহজে ক্ষতিগ্রস্ত হবার ঝুঁকিসম্পন্ন এবং তাই তাদের উচিত, শিশুকে শিল্ডিং তথা রক্ষাধীন করা সহ, ভঙ্গুর তথা সহজে ক্ষতিগ্রস্ত হবার ঝুঁকিসম্পন্ন গ্রুপগুলোর জন্যে এন্এইচ্এস্ এর যেসব দিকনির্দেশনা রয়েছে সেগুলো খুব গুরুত্ব সহকারে অনুসরণ করা (NHS guidance for vulnerable groups, including shielding the child)। আপনি হয়তো সরকারের কাছ থেকে একটি চিঠি পেয়ে থাকবেন যেটিতে বলা হয়েছে যে আপনার উচিত এই শিল্ডিং তথা রক্ষাধীন করাসংক্রান্ত উপদেশ মেনে চলা। আমরা বুঝি যে, এই উপদেশ মানসিক চাপের কারণ হতে পারে, আর তাই আপনার এবং আপনার পরিবারের জন্যে এর মানে কি দাঁড়াতে পারে তা পরিষ্কার করার জন্যে আমরা বিশেষজ্ঞ কিছু দিকনির্দেশনা সন্নিবেশিত করেছি। আপনার স্পেশালিয়েটি টীমের দিকনির্দেশনা সহ, এগুলো আমরা আপনার কাছে পাঠাবো, তবে gosh.nhs.uk/covid-19-

and-vulnerable-children এ যেয়েও আপনি অন্‌লাইনে এ তথ্যগুলো পেতে সক্ষম হবেন।

নিম্ন তালিকাভুক্ত শিশু এবং কিশোর-তরুণরা যেনো 12 সপ্তাহের জন্যে নিজেকে বিচ্ছিন্ন করে রাখে এবং শিল্ডিং তথা রক্ষাধীন করাসংক্রান্ত উপদেশ মেনে চলে এই পরামর্শ আমরা দিচ্ছিঃ

- ট্রাকিওস্টমীর মাধ্যমে দীর্ঘমেয়াদি ভেন্টিল্যাশনে থাকা শিশু
- নন্‌-ইন্‌ভেইসিভ ভেন্টিল্যাশনে থাকা শিশু যে দৈনন্দিন জীবনে অথবা যখন অসুস্থ তখন ভেন্টিল্যাশনের উপর নির্ভরশীল
- মাংসপেশীর দুর্বলতাজনিত কারণে মাস্ক (মুখোশ অথবা ট্রাকিওস্টমীর মাধ্যমে দীর্ঘমেয়াদি ভেন্টিল্যাশনে থাকা শিশু
- মারাত্মক স্নায়ুবিক বিকলাঙ্গতাজনিত কারণে মাস্ক (মুখোশ) অথবা ট্রাকিওস্টমীর মাধ্যমে দীর্ঘমেয়াদি ভেন্টিল্যাশনে থাকা শিশু

এন্‌এইচ্‌এস্‌ এর উপদেশ বলে যে, যদি আপনার পরিবারের অবশিষ্ট সদস্যরা সামাজিক দূরত্ব বজায় রাখাসংক্রান্ত উপদেশ কঠোরভাবে মেনে চলেন এবং ঘরের ভিতর ভাইরাসের সংক্রমণ বিস্তারের ঝুঁকিকে নূন্যতম রাখেন, তাহলে শিশুটির পাশাপাশি তারা নিজেদেরকে শিল্ডিং তথা রক্ষাধীন করার প্রয়োজন নেই।

যদি আপনার সন্তানের মাঝে কভিড-১৯ এর উপসর্গ (রোগলক্ষণ) দেখা দেয়, তাহলে

- 111.nhs.uk-তে ভিজিট করে NHS 111 সার্ভিস ব্যবহার করে ডাক্তারী উপদেশ গ্রহণ করুন অথবা NHS 111 নম্বরে ফোন করুন।
- যদি আপনার সন্তানের একটি এস্‌কাল্যাশন প্লান তথা ধাপে ধাপে সেবাযত্ন/চিকিৎসার মাত্রা বাড়ানোর পরিকল্পনা থাকে, তাহলে অনুগ্রহ করে সে প্লানটি অনুসরণ করুন ঠিক যেভাবে শ্বাসপ্রশ্বাসসংশ্লিষ্ট যেকোন সংক্রমণের ক্ষেত্রে আপনি অনুসরণ করবেন।
- যদি ধাপে ধাপে সেবাযত্ন/চিকিৎসার মাত্রা বাড়ানোর প্রয়োজন আপনার হয়, তাহলে NIV/LTV CNS-কে অবহিত করুন, কেননা দূর থেকে সমর্থন যুগানোর ব্যাপারে সাহায্য করার জন্যে আপনার স্থানীয় দুর্ঘটনা এবং জরুরি বিভাগকে আগে কল্‌ করার প্রয়োজন হয়তো আমাদের হতে পারে।
- যদি আপনার একটি কেয়ার টীম থাকে, তাহলে নিশ্চিত করুন যে আপনি যেনো আপনার কেয়ার এজেন্সীর কাছে ফোন করেন, যাতে নিশ্চিত হওয়া যায় যে তাদের কাছে সঠিক ব্যক্তিগত প্রতিরক্ষা সামগ্রীর (পিপিই) বন্দোবস্ত রয়েছে।
- যদি আপনি আপনার সন্তানের ব্যাপারে দুশ্চিন্তিত হন যে সে গুরুতর অসুস্থ অথবা তার জীবন ঝুঁকির সম্মুখীন, তাহলে আপনার উচিত সবসময় 999-এ কল্‌ করা।

যদি আপনার ঘরে কেয়ারার সাপোর্ট থাকে

এমন একটি সম্ভাবনা আছে যে কেয়ারারগণ হয়ত অসুস্থ হয়ে পড়তে পারেন অথবা তাদেরকে বিচ্ছিন্ন রাখার প্রয়োজন হতে পারে এবং এর ফলে আপনার শিশুর কেয়ারের ক্ষেত্রে শূন্যতা দেখা দিতে পারে। এখানে কিছু সুপারিশ দেয়া হলোঃ

- আপনার কেয়ার যোগানদাতার সাথে যোগাযোগ করুন এবং সাপোর্টের বিকল্প স্তরগুলো নিয়ে আলোচনা করুন। উদাহরণস্বরূপ, বিবেচনা করুন যে কখন আপনার সন্তানের প্রয়োজনগুলো সবচাইতে বেশি, হতে পারে তা দিনেরবেলা বনাম রাতেরবেলা, যাতে তারা কেয়ার প্রদানকারী স্টাফকে সেসময়ের জন্যে অগ্রাধিকার দেন যখন আপনার সন্তানের সবচেয়ে বেশি কেয়ার সাপোর্ট প্রয়োজন।
- যদি ঘরে মাতাপিতা/ দুজন কেয়ারার থাকেন, যদি স্থানীয় যোগানদাতা যেটুকু সাপোর্ট দিতে সক্ষম এর পরিমাণ কমায় তাহলে কেয়ারারের জন্যে পালাক্রমিক কর্মসূচির বন্দোবস্ত রাখার প্রয়োজন আপনার হতে পারে।
- জরুরি পরিস্থিতিতে, উপদেশের জন্যে আপনার স্থানীয় হেল্‌থকেয়ার প্রদানকারীকে অথবা গ্রেইট ওরমন্ড স্ট্রীট হাসপাতাল (GOSH) এ আপনার ক্লিনিক্যাল টীমের কাছে কল্‌ করুন। যদি আপনি খুবই দুশ্চিন্তিত হন যে আপনার সন্তান গুরুতর অসুস্থ অথবা জখমগ্রস্ত, অথবা তার জীবন ঝুঁকির সম্মুখীন, তাহলে আপনার উচিত সবসময় 999-এ কল্‌ করা অথবা আপনার স্থানীয় দুর্ঘটনা এবং জরুরি বিভাগে (এ এন্ড ই) অথবা জরুরি কেয়ার সেন্টারে চলে যাওয়া।

যদি মাতাপিতা/কেয়ারারের একজনের মাঝে উপসর্গ (রোগলক্ষণ) দেখা দেয়, তাহলে উনার উচিত নিজে নিজেকে বিচ্ছিন্ন করে রাখা এবং কেয়ারের দায়িত্ব অপর মাতা/পিতা অথবা পরিবারের অন্য কোন সদস্যের কাছে হস্তান্তর করুন

যিনি ভঙ্গুর তথা সহজে ক্ষতিগ্রস্ত হবার ঝুঁকিসম্পন্ন বলে বিবেচিত নন।

নন্‌-ইন্‌ভেইসিভ অথবা ট্রাকিওস্টমী ভেন্টিল্যাশন টীমের কাছ হতে উপকরণ/সামগ্রী এবং সরবরাহ সম্পর্কে সুনির্দিষ্ট উপদেশ

যদি ভেন্টিল্যাটরে সমস্যাদি দেখা দেয় অথবা যদি সেটি ভেঙে যায়, তাহলে যথারীতিভাবে একই দিকনির্দেশনা অনুসরণ করুন। যদি সেবাসংক্রান্ত আপনার একটি চুক্তি বলবৎ থাকে, তাহলে অনুগ্রহ করে রক্ষণাবেক্ষণ কোম্পানীকে কল্‌ করুন। এই সময়কালীন সার্ভিসের ক্ষেত্রে কোন পরিবর্তন ঘটার কথা আমাদেরকে অবগত করা হয়নি। যদি সেবাসংক্রান্ত আপনার একটি চুক্তি না থাকে, তাহলে অনুগ্রহ করে গ্রেইট ওরমন্ড স্ট্রীট হাসপাতাল (GOSH) এ আপনার NIV টীমের সাথে যোগাযোগ করুন।

যথারীতি, নিশ্চিত করুন যে আপনার কাছে যেনো পর্যাপ্ত উপকরণ/সামগ্রী থাকে এবং যথেষ্ট সময় হাতে থাকতেই আরো সাপ্লাইর অর্ডার দেওয়ার চেষ্টা করুন।

নন্‌-ইন্‌ভেইসিভ ভেন্টিল্যাশন

পরীক্ষা করে দেখুন যে আপনার কাছে যেনো বাড়তি মাস্ক, টিউবিং, ফিল্টার্স, অক্সিজেন পোর্ট থাকে (যদি প্রয়োজন হয়)। যদি আপনার আর কিছুর প্রয়োজন হয়, তাহলে আপনার NIV টীমের সাথে কথা বলুন।

ট্রাকিওস্টমী ভেন্টিল্যাশন

যদি অপ্রত্যাশিতভাবে এমন ঘটে যে কনসিউম্যাবল্‌ উপকরণ/সামগ্রীর ঘাটতি দেখা দেয়, যেমন টিউব এবং টাই, তাহলে সেগুলো পরিবর্তন করার জন্যে যে মেয়াদের তারিখ দেয়া হয়েছে তা অতিক্রান্ত হবার পরও সেগুলো ব্যবহার করার প্রয়োজন আপনার হতে পারে। যদি আপনার কোন প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে আপনার হোম্‌কেয়ার সাপ্লাইয়ারের (অথবা যিনিই আপনার উপকরণ/সামগ্রী সরবরাহ করে থাকুন না কেনো উনার) সাথে কথা বলুন।

অক্সিজেন

ঘরে অক্সিজেন সরবরাহের ক্ষেত্রে কোন ঘাটতি দেখা দিবে বলে আমরা আশা করছি না; সুতরাং অনুগ্রহ করে অক্সিজেন মজুদ করার চেষ্টা করবেন না। সাপ্লাইয়ারগণ কেবলমাত্র খালি সিলিন্ডারগুলোর পরিবর্তে ভরা সিলিন্ডার প্রদান করবে।

ঔষধ সম্পর্কে নন্‌-ইন্‌ভেইসিভ অথবা ট্রাকিওস্টমী টীমের কাছ থেকে সুনির্দিষ্ট উপদেশ

ঔষধ, ফিজিওথ্যারাপি এবং ভেন্টিল্যাশন সহ, আপনার সন্তানের উচিত তার কেয়ার প্লানটি অনুসরণ করা চালিয়ে যাওয়া। আপনার বিশেষজ্ঞ টীমের সাথে সলাপরামর্শ না করে অনুগ্রহ করে কোন ধরনের পরিবর্তন ঘটাবেন না।

আমাদের কি বিকল্প কোনো চিকিৎসা এপয়েন্টমেন্ট করতে হবে?

যথাসম্ভব ক্ষেত্রে, রোগীদেরকে সরাসরি সাক্ষাতের প্রয়োজন দূর করার বিষয়টি ক্লিনিশানরা যাচাই করে দেখছেন। এক্ষেত্রে টেলিফোনে এপোয়েন্টমেন্ট অথবা ভিডিও মারফত সলাপরামর্শের সম্ভাব্যতা বিবেচনা করে দেখা হবে।

যদি আপনার সন্তানের কোনো আসন্ন এপয়েন্টমেন্ট থেকে থাকে, আমরা আপনার সাথে যোগাযোগ করে আলোচনার মাধ্যমে জানাব কীভাবে দূর থেকে এটি সর্বোত্তমভাবে পরিচালনা করা যায়।

পরিকল্পিত সকল স্লিপ্‌ স্টাডিগুলো বাতিল করা হয়েছে। তবে, যদি আপনার সন্তান একটি নন্‌-ইন্‌ভেইসিভ ভেন্টিল্যাশন শুরু করার কথা থাকে, তাহলে ব্যতীক্রমধর্মী পরিস্থিতিতে এ ব্যাপারে অগ্রসর হতে আমরা সক্ষম হতে পারি। আমরা প্রতিটি শিশুর অবস্থা আলাদা আলাদাভাবে পর্যালোচনা করে দেখছি এবং আপনাকে হালনাগাদ তথ্য প্রদানের জন্যে আমরা আপনার সাথে যোগাযোগ করবো।

আরো তথ্য এবং সহায়তা

www.nhs.uk/conditions/coronavirus-covid-19/ সাইটে NHS (এনএইচএসের) প্রদত্ত তথ্যসমূহ রয়েছে।

শিশুদের জন্য তথ্য রয়েছে BBC Newsround (বিবিসি নিউজরাউন্ডের) ওয়েবসাইটে www.bbc.co.uk/newsround